৩৪

দৈনিক
জনকণ্ঠ

তারিখ JUL 20 2006
পৃষ্ঠা ১২ কলাম ৫

# বিতর্কিত বয়স মাপকাঠি॥ মেধাবী স্কুল শিক্ষার্থীরা পিছিয়ে মাদ্রাসা পড়ুয়াদের আধিপত

**মহসিন চৌধুরী, চট্টগ্রাম অফিস ॥** কলেজে ভর্তি প্রক্রিয়ায় মেধা বিচারে সরকারের অভিনব মাপকাঠি 'বয়সের জ্যেষ্ঠতা কৌশল' গ্যাঁড়াকলে পড়ে এ বছর সারাদেশে হাজার হাজার এসএসসি পাস মেধাবী শিক্ষার্থী কাঙ্ক্ষিত কলেজগুলোতে ভর্তি সঙ্কটে পড়েছে। শীর্ষ স্কুলগুলোর জিপিএ-৫ ও গোল্ডেন জিপিএ প্রাপ্ত মেধাবী ছাত্ররা বয়সের ফাঁদে পড়ে স্বনামধন্য ও শীর্ষ স্থানীয় কলেজগুলোর ভর্তির তালিকায় পিছিয়ে পড়ছে। স্কুলছাত্রদের পিছনে ফেলে মাদ্রাসা ছাত্ররাই দখল করে নিচ্ছে আসন। একই মেধার হয়েও বয়সের কারণে বাদ পড়ছে স্কুলছাত্ররা। এ নিয়ে বিভিন্ন স্থানে ছাত্রদের মধ্যে সৃষ্টি হয়েছে অসন্তোষ ও হতাশা। কষ্টার্জিত ভাল ফল নিয়ে শীর্ষ কলেজে ভর্তি না হতে পারায় মেধা বিকাশে নতুন অন্তরায় হয়ে দাঁড়াতে পারে মেধা বিচারের নতুন মাপকাঠি।

অভিভাবকরা অভিযোগ করেছেন, মাদ্রাসা ছাত্রদের শীর্ষ কলেজগুলোতে ভর্তি করাতেই জোট সরকারের শরিক দলের কারসাজি। সুদূরপ্রসারী পরিকল্পনা নিয়েই মৌলবাদী শক্তি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে এ কাজটি হাসিল করে নিয়েছে। কারণ মাদ্রাসার ছাত্রদের গড় বয়স বেশি।

বিপরীতে স্কুলছাত্রের গড় বয়স কম হওয়ায় ভর্তি প্রক্রি
শীর্ষ স্থানীয় কলেজগুলোতে একই মেধার ক্ষেত্রে জ্যেষ্ঠ
পদ্ধতি অবলম্বন করা হচ্ছে। চলতি বছর মাদ্রাসা বে
থেকে ৬ হাজারের বেশি ছাত্র জিপিএ-৫ ও গোল্ডেন জিপি
লাভ করেছে। বিপরীতে ৭টি শিক্ষা বোর্ড থেকে জিপিএ

## মৌলবাদীদের সুদূরপ্রসারী পরিকল্পনা

পেয়েছে ২৪ হাজারের সামান্য বেশি। চট্টগ্রামের শ
১০টি স্কুলের মেধাবী ছাত্ররাও এ গ্যাঁড়াকলের শিকা
চট্টগ্রাম কলেজিয়েট স্কুলের প্রথম ৭ জনই বয়সের ফাঁ
পড়ে চট্টগ্রাম কলেজে ভর্তির তালিকা থেকে বাদ পড়
আশঙ্কায় পড়েছে।

অনুসন্ধান নিয়ে জানা যায়, সরকার আকস্মিকভা
সরকারী-বেসরকারী কলেজগুলোতে ভর্তি প্রক্রিয়ায় অভি
নীতি অনুসরণের একটি প্রক্রিয়া বেঁধে দেয়। এতে এক
আসনের জন্য সমান মেধার দাবিদারদের মধ্যে বয়সে

(১১ পৃষ্ঠা ৮ এর কঃ দেখ

## বিতর্কিত বয়স

*(১২-এর পাতার পর)*

জ্যেষ্ঠতা কৌশল অনুসরণ করতে বলা হয়। সরকা
বেসরকারী কলেজগুলোতে এ প্রক্রিয়া অনুসরণ করে
বিপাকে পড়ে যায় স্বনামধন্য স্কুলের সদ্য এসএসসি প
মেধাবী ছাত্ররা। সেশনজট সামলে কর্মজীবনে সরক
নিয়োগ বা বিসিএস পাসের জন্য নির্ধারিত বয়স ধ
রাখার জন্য সাধারণত স্কুলছাত্ররা রেজিস্ট্রেশনকালীন ব
কমিয়ে দেয়। শিক্ষা জীবন শেষ করে সরকারী চাক
ক্ষেত্রে বাড়তি সুবিধা নিতে গিয়ে কলেজে ভর্তি হ
এসেই বিড়ম্বনার শিকার হলো। ভর্তির নতুন বিধিতে পু
ফায়দা লুটছে মাদ্রাসা বোর্ড থেকে পাস করা ছাত্ররা।